# অনুক্রম ও ধারা-১

**১. নিচের অনুক্রমগুলো সমান্তর, গুণোত্তর, ফিবোনাচ্চি নাকি কোনোটিই নয়? কেন? সাধারণ পদ নির্ণয়সহ ব্যাখ্যা করো।**

**(i) 2, 5, 10, 17,......**

**সমাধানঃ** এটি সমান্তর নয় কারণ এর সাধারণ অন্তর ভিন্ন ভিন্ন। যেমনঃ

২য় পদ – ১ম পদ = 5 – 2 = 3

৩য় পদ – ২য় পদ = 10 – 5 = 5

আবার,

এটি গুণোত্তর নয় কারণ এর সাধারণ অনুপাত ভিন্ন ভিন্ন। যেমনঃ

২য় পদ ÷ ১ম পদ = 5 ÷ 2 = 2.5

৩য় পদ ÷ ২য় পদ = 10 ÷ 5 = 2

এটি ফিবোনাক্কি নয় কারণ এর পরবর্তী যে কোনো পদ পূর্ববর্তী দুটি পদের সমষ্টির সমান নয়।যেমনঃ

১ম পদ + ২য় পদ = 2+5 ≠ 10 (৩য় পদ);

২য় পদ + ৩য় পদ = 5+10 ≠ 17 (৪র্থ পদ)

**সাধারণ পদ নির্ণয়ঃ**

লক্ষ করি,

প্রদত্ত অনুক্রমঃ 2, 5, 10, 17,......

১ম পার্থক্যঃ 3 5 7

২য় পার্থক্যঃ 2 2

এখান থেকে লিখতে পারি,

(৩য় পদ – ২য় পদ) + 2 + ৩য় পদ = ৪র্থ পদ

বা, ২×৩য় পদ – ২য় পদ + 2 = ৪র্থ পদ

বা, $2.a_3 - a_2 + 2 = a_4$

বা, $a_n = 2a_{n-1} - a_{n-2} + 2$ [নির্ণেয় সাধারন পদ]

**(ii) 2, 7, 12, 17,......**

**সমাধানঃ** এটি সমান্তর কারণ এর সাধারণ অন্তর অভিন্ন।যেমনঃ

২য় পদ – ১ম পদ = 7 – 2 = 5

৩য় পদ – ২য় পদ = 12 – 7 = 5

**সাধারণ পদ নির্ণয়ঃ**

এখানে,

১ম পদ a, সাধারণ অন্তর d হলে সমান্তান্তর অনুক্রমের **বীজগণিতীয় রূপঃ** a, a+d, a+2d, a+3d ......

এই অনুসারে, nতম পদ, $a_n = a+(n-1)d = 2+(n-1)5$ [নির্ণেয় সাধারণ পদ]

**(iii) -12, 24, -48, 96,......**

**সমাধানঃ** এটি গুণোত্তর কারণ এর সাধারণ অনুপাত অভিন্ন। যেমনঃ

২য় পদ ÷ ১ম পদ = 24 ÷ (-12) = -2

৩য় পদ ÷ ২য় পদ = (-48) ÷ 24 = -2

**সাধারণ পদ নির্ণয়ঃ**

এখানে,

১ম পদ a, সাধারণ অনুপাত r হলে গুণোত্তর অনুক্রমের **বীজগণিতীয় রূপঃ** $a, ar, ar^2, ar^3, ...$

এই অনুসারে, nতম পদ, $a_n = ar^{n-1} = -12.(-2)^{n-1}$ [নির্ণেয় সাধারণ পদ]

**(iv) 13, 21, 34, 55,......**

**সমাধানঃ** এটি ফিবোনাচ্চি কারণ এর পরবর্তী যে কোনো পদ পূর্ববর্তী দুটি পদের সমষ্টির সমান।যেমনঃ

৩য় পদ = ১ম পদ + ২য় পদ = ১৩+২১ = ৩৪

৪র্থ পদ = ২য় পদ + ৩য় পদ = ২১+৩৪ = ৫৫

**সাধারণ পদ নির্ণয়ঃ**

পদ কে F দ্বারা চিহ্নিত করলে,

সুত্রমতে n তম পদ, $F_n = F_{n-1} + F_{n-2}$ [নির্ণেয় সাধারন পদ]

**(v) 5, -3, $^9/_5$, $-^{27}/_{25}$,......**

**সমাধানঃ** এটি গুণোত্তর কারণ এর সাধারণ অনুপাত অভিন্ন। যেমনঃ

২য় পদ ÷ ১ম পদ = (-3) ÷ 5 = $-^3/_5$

৩য় পদ ÷ ২য় পদ = $^9/_5$ ÷ (-3) = $-^3/_5$

**সাধারণ পদ নির্ণয়ঃ**

এখানে,১ম পদ a, সাধারণ অনুপাত r হলে গুণোত্তর অনুক্রমের **বীজগণিতীয় রূপঃ** $a, ar, ar^2, ar^3, ...$

এই অনুসারে, nতম পদ, $a_n = ar^{n-1} = 5.(-^3/_5)^{n-1}$ [নির্ণেয় সাধারণ পদ]

**(vi) $^1/_3$, $^2/_3$, $^4/_3$, $^8/_3$,....**

**সমাধানঃ** এটি গুণোত্তর কারণ এর সাধারণ অনুপাত অভিন্ন। যেমনঃ২য় পদ ÷ ১ম পদ = $^2/_3 \div {}^1/_3 = 2$

৩য় পদ ÷ ২য় পদ = $^4/_3 \div {}^2/_3 = 2$

**সাধারণ পদ নির্ণয়ঃ**

এখানে,১ম পদ a, সাধারণ অনুপাত r হলে গুণোত্তর অনুক্রমের **বীজগণিতীয় রূপঃ** $a, ar, ar^2, ar^3, ...$

এই অনুসারে, nতম পদ, $a_n = ar^{n-1} = {}^1/_3.2^{n-1}$ [নির্ণেয় সাধারণ পদ]

## ২. নিচের অনুক্রমগুলোর শূন্যস্থান পূরণ করো।

(i) 2, 9, 16, ____,____, 37,____.

(ii) -35, ____, ____, -5, 5, ____.

(iii) ____,____, ____, 5, -4,____.

(iv) ____, $10x^2$ , $50x^3$ ,____, ____.

**সমাধানঃ**(i) 2, 9, 16, 23, 30, 37, 44.

[Hint: $a_n = a+(n-1)d$ সূত্রমতে]

(ii) -35, -25, -15, -5, 5, 15.

[Hint: $a_n = a+(n-1)d$ সূত্রমতে]

(iii) 32, 23, 14, 5, -4, -13.

[Hint: $a_n = a+(n-1)d$ সূত্রমতে]

(iv) 2x, $10x^2$ , $50x^3$ ,$250x^3$, $1250x^4$,

[Hint: $a_n = ar^{n-1}$ সূত্রমতে]

## ৩. ছকের খালি ঘরগুলো পূরণ করো।

[বি.দ্রঃ আমরা এই ছকেই সমাধানের ফল দ্বারা খালি ঘরগুলো পূরণ করে দিয়েছি, আর নিম্নে সমাধানের পদ্ধতি বিস্তারিত দেয়া হয়েছে।]

| ক্রমিক নং | ১ম পদ a | সাধারণ অন্তর d | পদসংখ্যা n | n তম পদ $a_n$ | $S_n$ |
|---|---|---|---|---|---|
| i. | 2 | 5 | 10 | 47 | 245 |
| ii. | -37 | 4 | 10 | -1 | -190 |
| iii. | 29 | -4 | 14 | -23 | 42 |
| iv. | 34 | -2 | 13 | 10 | 286 |
| v. | ¾ | ½ | 15 | $^{31}/_4$ | 255 |
| vi. | 9 | -2 | 18 | -25 | -144 |
| vii. | 7 | $^7/_3$ | 13 | 35 | $^{1820}/_3$ |
| viii. | -4 | 7 | 25 | 164 | 2000 |
| ix. | 8 | -¾ | 15 | $-^5/_2$ | $^{165}/_4$ |
| x. | 2 | 2 | 50 | 100 | 2550 |

**সমাধানঃ**i)nতম পদ $a_n = a + (n - 1)d$

$= 2 + (10-1)5$

$= 2 + 9×5$

$= 2 + 45 \quad = 47$

সমষ্টি $S_n = ½.n\{2a + (n - 1)d\}$

$= ½×10\{2×2+(10-1)5\}$

$= 5(4+9×5)$

$= 5×49 \quad = 245$

ii.[বি.দ্রঃ পাঠ্যবইয়ে $S_n$ এর মান -180 দেওয়া আছে, আমরা যাচাই বাছাই করে পেয়েছি এটা -190 হলে গ্রহণযোগ্য হয় এবং সেই অনুসারে সমাধান দেয়া হলো। তোমাদের মতামত থাকলে আমাদের জানিও।]

আমরা জানি,$S_n = ½.n\{2a + (n - 1)d\}$

বা, $2S_n = n\{2a + (n - 1)d\}$

বা, $2×-190 = n\{2.-37 + (n - 1)4\}$ [মান বসিয়ে]

বা, $-380 = n(-74+4n-4)$

বা, $-380 = -74n+4n^2-4n$

বা, $-190 = -37n+2n^2-2n$

বা, $-190 = -39n+2n^2$

বা, $-39n+2n^2+190 = 0$

বা, $2n^2-39n +190 = 0$

বা, $2n^2-20n-19n +190 = 0$

বা, $2n(n-10)-19(n-10)=0$

বা, $(2n-19)(n-10)=0$

∴ $2n=19$

বা, $n=9.5$

[n এর মান ভগ্নাংশ হতে পারে না]

অথবা, $n=10$

∴ $n=10$

আবার,

সূত্রমতে,$a_n = a + (n - 1)d$

বা, $a_n = -37 + (10-1)4$ [মান বসিয়ে]

বা, $a_n = -37 + 9×4$

বা, $a_n = -37 + 36$

∴$a_n = -1$

iii.আমরা জানি,

$a_n = a + (n - 1)d$

বা, $-23 = 29 + (n - 1)×(-4)$ [মান বসিয়ে]

বা, $-23 = 29 -4n+4$

বা, $4n = -23-29-4$

বা, $4n = -56$

∴ $n =-^{56}/_4 = 14$

আবার,আমরা জানি,

$S_n = ½.n\{2a + (n - 1)d\}$

বা, $S_n =½.14\{2×29 + (14 - 1)(-4)\}$ [মান বসিয়ে]

বা, $S_n =7\{58 + 13(-4)\}$

বা, $S_n =7(58-52)$

বা, $S_n =7×6$

∴ $S_n =42$

**iv)**আমরা জানি,

$a_n = a + (n - 1)d$

বা, $10 = a + (13-1)(-2)$ [মান বসিয়ে]

বা, $10 = a + 12\times(-2)$

বা, $10 = a - 24$

বা, $a = 10 + 24$

$\therefore$ $a = 34$

আবার,

আমরা জানি,$S_n = \frac{1}{2}.n\{2a + (n - 1)d\}$

বা, $S_n = \frac{1}{2}.13\{2\times34 + (13 - 1)(-2)\}$ [মান বসিয়ে]

বা, $S_n = \frac{1}{2}.13\{68 + 12(-2)\}$

বা, $S_n = \frac{1}{2}.13\{68 - 24\}$

বা, $S_n = \frac{1}{2}.13\times44$

$\therefore$ $S_n = 286$

**v)**আমরা জানি,$a_n = a + (n - 1)d$

বা, $^{31}/_4 = \frac{3}{4} + (n-1)\frac{1}{2}$ [মান বসিয়ে]

বা, $31 = 3 + (n-1).2$ [উভয়পক্ষকে 4 দ্বারা গুণ করে]

বা, $31 = 3 + 2n - 2$

বা, $31 = 2n + 1$

বা, $2n = 31-1$

বা, $2n = 30$

$\therefore$ $n = 15$

আবার,$S_n = \frac{1}{2}.n\{2a + (n - 1)d\}$

বা, $S_n = \frac{1}{2}.15\{2\times^3/_4 + (15 - 1)\frac{1}{2}\}$

বা, $S_n = \frac{1}{2}.15\{^3/_2 + (14)\frac{1}{2}\}$

বা, $S_n = \frac{1}{2}.15\{^3/_2 + ^{14}/_2\}$

বা, $S_n = \frac{1}{2}.15\{^{17}/_2\}$

বা, $S_n = 255$

**vi)**আমরা জানি,$S_n = \frac{1}{2}.n\{2a + (n - 1)d\}$

বা, $2S_n = n\{2a + (n - 1)d\}$

বা, $2\times-144 = n\{2\times9 + (n - 1)(-2)\}$ [মান বসিয়ে]

বা, $-288 = n(18-2n+2)$

বা, $-288 = 18n-2n^2+2n$

বা, $-288 = 20n-2n^2$

বা, $20n-2n^2+288 = 0$

বা, $-2n^2+20n +288 = 0$

বা, $2n^2-20n-288 = 0$

বা, $n^2-10n-144 = 0$

বা, $n^2-10n-144 = 0$

বা, $n^2-18n+8n-144 = 0$

বা, $n(n-18)+8(n-18)=0$

বা, $(n-18)(n+8)=0$

$\therefore n=18$ | অথবা, $n=8$ [গ্রহনযোগ্য নয়]

আবার,$a_n = a + (n - 1)d$

বা, $a_n = 9 + (18-1)(-2)$ [মান বসিয়ে]

বা, $a_n = 9 + 17(-2)$

বা, $a_n = 9 - 34$

$\therefore$ $a_n = -25$

**vii)**আমরাজানি,

$a_n = a + (n - 1)d$

বা, $35 = 7 + (13 - 1)d$ [মান বসিয়ে]

বা, $35 = 7 +12d$

বা, $12d = 35-7$

বা, $12d = 28$

$\therefore$ $d = ^{28}/_{12} = ^7/_3$

আবার,$S_n = \frac{1}{2}.n\{2a + (n - 1)d\}$

বা, $S_n = \frac{1}{2}.13\{2\times7 + (35 - 1)^7/_3\}$ [মান বসিয়ে]

বা, $S_n = \frac{1}{2}.13\{14 + (34)\times^7/_3\}$

বা, $S_n = \frac{1}{2}.13(14 + ^{238}/_3)$

বা, $S_n = \frac{1}{2}.13(^{42}/_3 + ^{238}/_3)$

বা, $S_n = \frac{1}{2}.13(^{280}/_3)$

বা, $S_n = ^{3640}/_6$

$\therefore$ $S_n = ^{1820}/_3$

**viii)** আমরা জানি,

$S_n = \frac{1}{2}.n\{2a + (n - 1)d\}$

বা, $2000 = \frac{1}{2}.25\{2a + (25 - 1)7\}$ [মান বসিয়ে]

বা, $2000 = \frac{1}{2}.25(2a + 24\times7)$

বা, $2000 = \frac{1}{2}.25(2a + 168)$

বা, $(2a + 168) = ^{2000\times2}/_{25}$

বা, $2a+168 = 160$

বা, $2a = 160-168$

বা, $2a = -8$

$\therefore$ $a = -4$

আবার,

$a_n = a + (n - 1)d$

$a_n = -4 + (25 - 1)7$ [মান বসিয়ে]

$a_n = -4 + 24×7$

$a_n = -4 + 168$

$a_n = 164$

**ix)**আমরা জানি,

$S_n = ½.n\{2a + (n - 1)d\}$

বা, $^{165}/_4 = ½.15\{2a + (15 - 1)(-¾)\}$ [মান বসিয়ে]

বা, $^{165}/_4 = ½.15\{2a + 14×(-¾)\}$

বা, $^{165}/_4 = ½.15(2a - ^{21}/_2)$

বা, $½.15(2a - ^{21}/_2) = ^{165}/_4$

বা, $(2a - ^{21}/_2) = ^{11}/_2$

বা, $2a = ^{11}/_2 + ^{21}/_2$

বা, $2a = ^{32}/_2$

বা, $a = ^{32}/_4$

বা, $a = 8$

আবার,

$a_n = a + (n - 1)d$

$a_n = 8 + (15 - 1)(-¾)$ [মান বসিয়ে]

$a_n = 8 + 14×(-¾)$

$a_n = 8 - ^{21}/_2$

$a_n = ^{16}/_2 - ^{21}/_2$

$a_n = -^5/_2$

**x)** আমরা জানি,

$S_n = ½.n\{2a + (n - 1)d\}$

বা, $2S_n = n\{2a + (n - 1)d\}$

বা, $2×2550 = n\{2.2 + (n - 1)2\}$ [মান বসিয়ে]

বা, $5100 = n(4+2n-2)$

বা, $5100 = 4n+2n^2-2n$

বা, $5100 = 2n+2n^2$

বা, $2550 = n+n^2$

বা, $n+n^2+2550 = 0$

বা, $n^2+n +2550 = 0$

বা, $n^2+51n-50n +2550 = 0$

বা, $n(n+51)-50(n+51)=0$

বা, $(n+51)(n-50)=0$

$∴ n=50$ | অথবা, $n=51$

$∴ n=50$ | [গ্রহনযোগ্য নয়]

আবার,$a_n = a + (n - 1)d$

বা, $a_n = 2 + (50-1)2$ [মান বসিয়ে]

বা, $a_n = 2 + 49×2$


বা, $a_n = 2 + 98$

$∴ a_n = 100$

**৪. তোমার পড়ার ঘরের মেঝেতে তুমি সমবাহু ত্রিভুজাকৃতির একটি মোজাইক করতে চাও, যার বাহুর দৈর্ঘ্য 12 ফুট। মোজাইকে সাদা ও নীল রঙের টাইলস থাকবে। প্রতিটি টাইলস 12 ইঞ্চি দৈর্ঘ্যবিশিষ্ট সুষম ত্রিভুজাকৃতি। টাইলসগুলো বিপরীত রঙে বসিয়ে মোজাইকটি সম্পূর্ণ করতে হবে।**

**ক) ত্রিভুজাকৃতির মোজাইকটির একটি মডেল তৈরি করো।**

**সমাধানঃ**আমি আমার ঘরে সমবাহু ত্রিভুজ আকৃতির একটা মোজাইক করতে চাই যার প্রতি বাহুর দৈর্ঘ্য ১২ ফুট। এবং এই মোজাইক করার জন্য আমি কতগুলো নীল ও কতগুলো সাদা টাইলস বেছে নিয়েছি যেখানে প্রতিটি টাইলস সমবাহু এবং বাহুর দৈর্ঘ্য ১২ ইঞ্চি। এখন টাইলসগুলো বিপরীত রঙে বসানোর জন্য আমি একটি মডেল তৈরি করেছি, মডেলটি নিম্নরূপঃ




**খ) প্রত্যেক রঙের কয়টি করে টাইলস লাগবে?**

**সমাধানঃ**সমবাহু ত্রিভুজাকৃতি মোজাইক এর বাহু AB = BC = CA = 12 ফুট।

সুষম ত্রিভুজাকৃতি টাইলস এর বাহুর দৈর্ঘ্য = 12 ইঞ্চি = 1 ফুট।

তাহলে, মডেল অনুসারে, ত্রিভুজাকৃতি মোজাইক এর বাহু BC বরাবর স্থাপিত নীল টাইলস এর সংখ্যা = (12÷1) টি = 12 টি।

অর্থাৎ ১ম ধাপে নীল টাইলস এর সংখ্যা $a = 12$

আবার,

সমবাহু ত্রিভুজাকৃতি মোজাইক ABC এর উচ্চতা= $\left(\sqrt{\frac{3}{2}}\right).12$ ফুট।

সুষম ত্রিভুজাকৃতি টাইলস এর উচ্চতা = $\left(\sqrt{\frac{3}{2}}\right).1$ফুট।

তাহলে,

মডেলটিতে, মোট ধাপ সংখ্যা $n=\left(\sqrt{\frac{3}{2}}\right).12 \div \left(\sqrt{\frac{3}{2}}\right).1 = 12$

এবং, ADE এর উচ্চতা $=\left(\sqrt{\frac{3}{2}}\right).12-\left(\sqrt{\frac{3}{2}}\right).1=\left(\sqrt{\frac{3}{2}}\right).11$ ফুট।

এখন আমরা জানি সমবাহু ত্রিভুজের উচ্চতা = $\left(\sqrt{\frac{3}{2}}\right).a$, এই সূত্র অনুসারে $\left(\sqrt{\frac{3}{2}}\right).11$ উচ্চতা বিশিষ্ট ত্রিভুজটি সমবাহু হবে এবং যার প্রতি বাহুর দৈর্ঘ্য 11 ফুট।

অর্থাৎ, DE = 11 ফুট।

তাহলে, DE বরাবর নীল টাইলস রাখা যাবে (11÷1)টি= 11 টি।

অর্থাৎ ২য় ধাপে নীল টাইলস এর সংখ্যা = 11

তাহলে, সমান্তর ধারা অনুসারে, সাধারন অন্তর d= (11-12)=-1

সুতরাং,

মডেলটিতে মোট নীল টাইলস এর সংখ্যা $S_n$

$= \frac{1}{2}.n\{2a + (n - 1)d\}$

$= \frac{1}{2}.12\{2.12 + (12 - 1)(-1)\}$

$= 6\{24 + 11(-1)\}$

$= 6(24 - 11)$

$= 6\times13= 78$ টি

এখন আবার,

মডেল অনুসারে, DE বরাবর সাদা টাইলস আছে 11টি কারণ DE = 11 ফুট।

নীল টাইলসের ক্ষেত্রে প্রয়োগকৃত সকল সূত্র ও নিয়ম সাদা টাইলস এর ক্ষেত্রে ব্যবহার করলে সেক্ষেত্রে আমরা পাই,

$a = 11,\ n = 11,\ d = -1$

তাহলে,মোট সাদা টাইলস এর সংখ্যা $S_n$

$= \frac{1}{2}.n\{2a + (n - 1)d\}$

$= \frac{1}{2}.11\{2.11 + (11 - 1)(-1)\}$

$= \frac{1}{2}.11\{22 + 10(-1)\}$

$= \frac{1}{2}.11\ (22 - 10)$

$= \frac{1}{2}.11\times12$

$= 66$ টি

$= \frac{1}{2}.n\{2a + (n - 1)d\}$

$= \frac{1}{2}.6\{2.7000 + (6 - 1)200\}$

$= 3(14000 + 5\times200)$

$= 3(14000 + 1000)$

$= 3\times15000$

$= 45000$ টাকা।